

দেশের উন্নয়নে কাজ করার জন্য প্রস্তুতি নিতে হবে- শিক্ষামন্ত্রী

ঢাকা, ১৯ মার্চ ২০১৮

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, আজকের শিক্ষার্থীদের ভালভাবে লেখাপড়া করে দেশের উন্নয়নের লক্ষ্যে কাজ করার জন্য প্রস্তুতি নিতে হবে। জ্ঞানে-গুণে দক্ষতায় নিজেদের গড়ে তুলতে হবে। নৈতিক মূল্যবোধসম্পন্ন জনগনের প্রতি দায়বদ্ধ দেশপ্রেমে উজ্জীবিত পরিপূর্ণ মানুষ তৈরি করতে হবে।

শিক্ষামন্ত্রী আজ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে জালালাবাদ ছাত্র কল্যাণ সমিতি আয়োজিত 'নবীন বরণ ও বৃত্তি প্রদান-২০১৮' অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, উন্নয়নশীল দেশ হিসেবে বাংলাদেশ স্বীকৃতি পেয়েছে। তিনটি সূচকেই বাংলাদেশ সক্ষমতা অর্জন করেছে। ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালে বাংলাদেশ উন্নত রাষ্ট্রে পরিণত হবে। এজন্য নবীন প্রজন্মই আমাদের আশা-ভরসা। তাদেরকে নেতৃত্ব দেয়ার যোগ্য করে গড়ে তুলতে হবে।

আসন্ন এইচএসসি পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে বিভিন্ন উদ্যোগের উল্লেখ করে তিনি বলেন, শিক্ষা বোর্ডগুলো পরীক্ষা গ্রহনসহ এ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম পরিচালনা করে থাকে। শিক্ষা মন্ত্রণালয়সহ আরো কয়েকটি মন্ত্রণালয় এ কাজে সহযোগিতা করে থাকে। এ প্রক্রিয়ায় হাজার হাজার লোকের সম্পৃক্ততা রয়েছে। এর মধ্যে একজন অসৎ হলেই প্রশ্ন ফাঁস হতে পারে। এজন্য শতভাগ সততা নিশ্চিত হওয়া উচিত। দেশ-জাতির ভবিষ্যতের স্বার্থে সবাইকে সততার সাথে দায়িত্ব পালনের আহবান জানান শিক্ষামন্ত্রী। তিনি বলেন, ছাত্র-অভিভাবকদেরও এ ব্যাপারে আরো সচেতন হতে হবে। শিক্ষাক্ষেত্রে সরকারের অর্জনকে নস্যাৎ করতে একটি চক্র প্রশ্ন ফাঁস করছে বলে তিনি মন্তব্য করেন। তিনি বলেন, প্রযুক্তির ভাল দিক যেমন রয়েছে, তেমনি এটাকে খারাপ কাজেও ব্যবহার করতে পারে।

জালালাবাদ ছাত্র কল্যাণ সমিতি, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাধারণ সম্পাদক এম এ হাসানের সঞ্চালনায় অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন জাতীয় সংসদের হুইপ মো. শাহাব উদ্দিন, জালালাবাদ এসোসিয়েশন ঢাকার সভাপতি সি এম তোফায়েল সামী, সাবেক অতিরিক্ত সচিব বনমালী ভৌমিক, সাবেক এআইজিপি সৈয়দ বজলুল করিম, ঢাকা উত্তর সিটি করপোরেশনের প্যানেল মেয়র আলেয়া সারওয়ার ডেইজী এবং জালালাবাদ ছাত্র কল্যাণ সমিতি, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সভাপতি ইউসুফ উদ্দিন খান।

পরে শিক্ষামন্ত্রী মেধাবী শিক্ষার্থীদের মাঝে বৃত্তি প্রদান করেন এবং একটি স্মারক প্রকাশনার মোড়ক উন্মোচন করেন। অনুষ্ঠানের শুরুতে ২০১৭-১৮ শিক্ষাবর্ষে ভর্তি হওয়া শিক্ষার্থীদের ফুল দিয়ে বরণ করে নেয়া হয়।

মোহাম্মদ আফরাজুর রহমান

সিনিয়র তথ্য অফিসার

শিক্ষা মন্ত্রণালয়

মোবাইল: ০১৯১১-০০৭৫৩৯